যুগান্তর

APR 11 2002

পৃষ্ঠা ৭ কলাম ৬

# লালমনিরহাটের দুর্নীতিগ্রস্ত প্রাথমিক শিক্ষা

লালমনিরহাট জেলাটি বাংলাদেশের উত্তরবঙ্গের এক প্রান্তে অবস্থিত। এখানকার মানুষগুলো সহজ-সরল। এ জেলাকে নিরক্ষরমুক্ত করার জন্য তদানীন্তন জেলা প্রশাসক ১৯৯৪ সালে গণশিক্ষা কার্যক্রম চালু করেন এবং জেলাটিকে সর্বপ্রথম নিরক্ষরমুক্ত জেলা হিসাবে প্রতিষ্ঠা করেন। কিন্তু বর্তমান জেলা প্রাথমিক শিক্ষা অফিসার দুর্নীতির মাধ্যমে জেলার প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ভেঙে ফেলছে। তিনি জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের দায়িত্বে থেকে বিদ্যালয় পরিদর্শনের নামে শিক্ষকদের ভীতি প্রদর্শনের মাধ্যমে কালো টাকা হাতিয়ে নিচ্ছেন। বিদ্যালয়ে গিয়ে যেসব রেকর্ডপত্র দেখেন তা তিনি পরিদর্শন রিপোর্টে উল্লেখ না করে মনগড়া ভুয়া রিপোর্ট তৈরি করে শিক্ষকদেরকে কৌশলে শোকজ করেন এবং চাকরি ডিসমিস করা হবে বলে হুমকি দিয়ে কালো টাকা হাতিয়ে নেন। ফলে সহজ-সরল শিক্ষকগণ বিপাকে পড়ছেন। প্রাথমিক শিক্ষা অধিদফতরের সার্কুলারে উল্লেখ আছে যে, ৩ শিক্ষকবিশিষ্ট বিদ্যালয় থেকে কোন শিক্ষককে বদলি করা যাবে না। তা সত্ত্বেও উক্ত কর্মকর্তা বিরাট অংকের টাকার বিনিময়ে সরকারি নীতিমালা উপেক্ষা করে বদলি অব্যাহত রেখেছেন। উক্ত কর্মকর্তার কার্যকলাপ লালমনিরহাট জেলার প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে অন্তরায় সৃষ্টি করছে। প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের স্বার্থে উক্ত দুর্নীতিবাজ কর্মকর্তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**মোঃ জাকিউল ইসলাম**
মাস্টারপাড়া, লালমনিরহাট